



মরক্কোর সঙ্গে ড্র করে বিশ্বকাপ শুরু ব্রাজিলের



সংগৃহীত ছবি

বিশ্বকাপের প্রথম ম্যাচে জয় পাওয়া হলো না ব্রাজিলের। গ্রুপ 'সি'-এর লড়াইয়ে মরক্কোর বিপক্ষে ১-১ গোলে ড্র করেছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে শুরু থেকেই আত্মবিশ্বাসী ফুটবল খেলেছে মরক্কো। দ্রুত পাল্টা আক্রমণ ও মাঝমাঠের নিয়ন্ত্রণে তারা ব্রাজিলকে চাপে রাখে। ম্যাচের ২১ মিনিটে ইসমাইল সাইবারির গোলে এগিয়েও যায় আফ্রিকার দলটি।

গোল হজমের পর আক্রমণের গতি বাড়ায় ব্রাজিল। ৩২ মিনিটে ভিনিসিয়ুস জুনিয়রের দুর্দান্ত শটে সমতায় ফেরে সেলেসাওরা। প্রথমার্ধ শেষ হয় ১-১ সমতায়।

বিরতির পর বলের দখল ও আক্রমণে এগিয়ে থাকলেও মরক্কোর সংগঠিত রক্ষণ ভাঙতে পারেনি কার্লো আনচেলত্তির দল। অন্যদিকে পাল্টা আক্রমণে সুযোগ খুঁজেছে মরক্কোও। তবে শেষ পর্যন্ত আর কোনো দলই জালের দেখা পায়নি।

ফলে পয়েন্ট ভাগাভাগি করেই বিশ্বকাপ অভিযান শুরু করতে হয়েছে দুই দলকে। ড্র হলেও মরক্কো আবারও প্রমাণ করেছে, বড় দলের বিপক্ষে লড়াই করার সামর্থ্য তাদের রয়েছে।

অন্যদিকে নেইমারকে ছাড়া ব্রাজিলের আক্রমণভাগে সমন্বয়ের ঘাটতি স্পষ্ট ছিল। বিশ্বকাপের শুরুতেই তাই প্রত্যাশিত জয় থেকে বঞ্চিত হলো আনচেলত্তির শিষ্যরা।